অতি জরুরি

কোভিড-১৯ অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hsd.gov.bd

স্মারক নং-৪৫.০০.০০০০.১৪০.১১.০০৩.১৭- ৭৪৬

তারিখ: ০৮ জুন ২০২০ খ্রিস্টাব্দ
২৫ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ

বিষয়: COVID-19 এ আক্রান্ত রোগীদের চিকিৎসা সেবা প্রদানের জন্য জরুরি প্রয়োজনে নবসৃষ্ট মেডিকেল টেকনোলজিস্ট ১২০০টি, মেডিকেল টেকনিশিয়ান ১৬৫০টি এবং কার্ডিওগ্রাফার ১৫০টিসহ মোট ৩০০০(তিন হাজার) পদে জনবল নিয়োগ

সূত্র: স্বাস্থ্য সেবা বিভাগের পার-৪ অধিশাখার স্মারক নং-৪৫.০০.০০০০.১৫০.১৫.০৩৮.১৯(অংশ)-২৩২, তারিখ: ২৩/০৫/২০২০ খ্রি:

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, দেশে COVID-19 এর সংক্রমণের ফলে আক্রান্ত রোগীদের চিকিৎসা সেবা প্রদানের লক্ষ্যে রোগের পরীক্ষা নিরীক্ষা, স্যাম্পল কালেকশন ইত্যাদি ব্যাপক কার্যক্রম পরিচালনা করা দেশের বিদ্যমান সংখ্যক মেডিকেল টেকনোলজিস্ট এবং মেডিকেল টেকনিশিয়ানদের মাধ্যমে সম্ভব নয়, বিধায় সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের কাজের গতিশীলতা আনয়নের লক্ষ্যে বিভিন্ন হাসপাতাল এবং চিকিৎসা প্রতিষ্ঠানের জন্য সূত্রোক্ত স্মারকে মেডিকেল টেকনোলজিস্টের (গ্রেড-১১) ১২০০টি, মেডিকেল টেকনিশিয়ানের (গ্রেড-১৬) ১৬৫০টি এবং কার্ডিওগ্রাফার (গ্রেড-১৬) এর ১৫০টি পদ অর্থাৎ মোট ৩০০০টি পদ সৃজন করা হয়(পতাকা-ক)। উল্লেখ্য, কোভিড সেবা প্রদানের জরুরি প্রয়োজনে জন্য ইতোমধ্যে বিভিন্ন হাসপাতাল/প্রতিষ্ঠানে ১৮৩ জন মেডিকেল টেকনোলজিস্টকে অস্থায়ীভাবে নিয়োগ দেয়া হয়েছে (অনুমোদিত তালিকা সংযুক্ত)। তারা জীবনের ঝুঁকি নিয়ে COVID-19 এ আক্রান্ত রোগীদের চিকিৎসা সেবায় নিয়োজিত আছেন। উল্লিখিত ১৮৩ জনকে সৃজিত নতুন পদে নিয়মিত নিয়োগ করার লক্ষ্যে The General Clauses Act, 1897 এর ১৫ ধারা মোতাবেক ০৩/০৬/২০২০ তারিখের ৪৫.০০.০০০০.১৪০.১১.০০৩.১৭-৭২০ সংখ্যক স্মারকে মহামান্য রাষ্ট্রপতির সানুগ্রহ সম্মতি গ্রহণ করা হয়েছে (পতাকা-খ)।

০২। এমতাবস্থায়, মহামান্য রাষ্ট্রপতির সম্মতি অনুযায়ী সূত্রোক্ত স্মারকে নবসৃজিত মেডিকেল টেকনোলজিস্টের ১২০০টি পদ, মেডিকেল টেকনিশিয়ানের ১৬৫০টি পদ এবং কার্ডিওগ্রাফার এর ১৫০টি পদ অর্থাৎ মোট ৩০০০টি পদে দ্রুততম সময়ের মধ্যে নিম্নোক্তভাবে নিয়োগ প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল:

(ক) COVID-19 এ আক্রান্ত রোগীদের চিকিৎসা সেবা প্রদানের জন্য বিভিন্ন হাসপাতাল/প্রতিষ্ঠানে অস্থায়ীভাবে নিয়োগকৃত ১৮৩ জন মেডিকেল টেকনোলজিস্টকে (অনুমোদিত তালিকা সংযুক্ত) The General Clauses Act, 1897 এর ১৫ ধারা অনুযায়ী নিয়োগের শিক্ষাগত যোগ্যতা ব্যতীত অন্যান্য যোগ্যতা এবং স্বাভাবিক নিয়ম প্রমার্জন করে সরাসরি নিয়োগ করার জন্য অনুরোধ করা হল ;

(খ) নবসৃজিত ৩০০০ টি পদ হতে ১৮৩ টি মেডিকেল টেকনোলজিস্ট পদ বাদ দিয়ে অবশিষ্ট ২৮১৭ টি পদে দ্রুততম সময়ের মধ্যে নিয়োগ সম্পন্ন করার লক্ষ্যে অনুমোদিত নিয়োগ বিধিমালা এবং খসড়া নিয়োগ বিধিমালা (সকল পদের অনুমোদিত নিয়োগ বিধিমালা না থাকায়) অনুসরণ করে নিয়োগ প্রদান করার জন্য অনুরোধ করা হল।

08.06.2020

(খন্দকার জাকির হোসেন)
উপসচিব
ফোন: ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd

মহাপরিচালক
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা {দৃঃআঃ পরিচালক (প্রশাসন)}

অঃপৃঃদ্রঃ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল:

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।

২। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগ, অর্থ অর্থ মন্ত্রণালয়/জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা

৩। যুগ্মসচিব (বাজেট-১/২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

৫। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)

৭। অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা) এর ব্যক্তিগত কমকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

৮। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কমকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.hsd.gov.bd

অতি জরুরি
কোভিড-১৯ অগ্রাধিকার

স্মারক নং- ৪৫.০১.০০০.১৪০.১১.০০৩.১৭- ৭৪৭

তারিখঃ ০৮ জুন ২০২০ খ্রিস্টাব্দ
২৫ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ

বিষয়ঃ স্বাস্থ্য অধিদপ্তরাধীন বিভিন্ন প্রতিষ্ঠানে সরাসরি নিয়োগযোগ্য ৩য় শ্রেণির (১১-১৭ গ্রেড) শূন্য পদে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান

সূত্রঃ স্বাস্থ্য সেবা বিভাগের, পার-৪ এর স্মারক নং- ৪৫.০০.০০০০.১৫০.১৫.০৩৮.১৯(অংশ)-২৩২, তারিখঃ ২৩/০৫/২০২০খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে স্বাস্থ্য সেবা বিভাগের ০৩/০৬/২০২০খ্রিঃ তারিখে ৪৫.০০.০০০০.১৪০.১১.০০৩.১৭-৭২০ সংখ্যক স্মারকের আলোকে সূত্রোক্ত স্মারকে নবসৃজিত ৩০০০টি পদের মধ্যে ১৮৩টি মেডিকেল টেকনোলজিস্ট পদ বাদ দিয়ে নিম্নোক্ত ২৮১৭টি শূন্য পদে জনবল নিয়োগের ছাড়পত্র প্রদান করা হল এবং দ্রুততম সময়ের মধ্যে নিয়োগের বিষয়ে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

| প্রতিষ্ঠানের নাম | ক্রমিক নং | পদের নাম | নবসৃজিত পদের সংখ্যা | ছাড়কৃত পদের সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| স্বাস্থ্য অধিদপ্তরাধীন বিভিন্ন প্রতিষ্ঠান | ১ | মেডিকেল টেকনোলজিস্ট | ১২০০ | ১০১৭ | ১৮৩ জনকে বিশেষ বিবেচনায় নিয়োগের নির্দেশনা প্রদান করা হয়েছে। |
| | ২ | মেডিকেল টেকনিশিয়ান | ১৬৫০ | ১৬৫০ | |
| | ৩ | কার্ডিওগ্রাফার | ১৫০ | ১৫০ | |
| | | | | সর্বমোট ২৮১৭টি | |

শর্তাবলীঃ

(১) নিয়োগের ক্ষেত্রে অনুমোদিত নিয়োগ বিধিমালা ও খসড়া নিয়োগ বিধিমালা (সকল পদে অনুমোদিত নিয়োগ বিধিমালা না থাকায়) অনুসরণ করে নিয়োগ প্রদান করতে হবে;

(২) সকাল আনুষ্ঠানিকতা যথাযথভাবে প্রতিপালন করতে হবে;

(৩) নিয়োগের বিষয়ে সকল অগ্রগতি স্বাস্থ্য সেবা বিভাগ ও প্রধানমন্ত্রীর কার্যালয়-কে বিলম্ব পরিহার করে অবহিত করতে হবে।

08.06.2020

(খন্দকার জাকির হোসেন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭৯৮৫
admin1@hsd.gov.bd

মহাপরিচালক,
স্বাস্থ্য অধিদপ্তর
মহাখালী, ঢাকা
[দৃষ্টি আকর্ষণঃ পরিচালক (প্রশাসন)]।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়/জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, ঢাকা।
২। যুগ্মসচিব (বাজেট ১/২), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। উপসচিব, পার-৪, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭। অতিরিক্ত সচিব (অভ্যন্তরীণ প্রশাসন ও শৃঙ্খলা) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৮। যুগ্ম-সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।